

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৩

আগরতলা, ৬ জুন, ২০২৪

চারধাম যাত্রায় তীর্থ যাত্রীদের সুস্বাস্থ্য সুরক্ষায় ই-স্বাস্থ্য ধাম

উত্তরাখন্ড সরকার চারধাম যাত্রায় অংশগ্রহণকারী তীর্থ যাত্রীদের সুস্বাস্থ্য ও নিরাপত্তা সুনিশ্চিত করার লক্ষ্যে ই-স্বাস্থ্য ধাম (eSwasthyaDham) নামে একটি অ্যাপ চালু করেছে। উত্তরাখন্ড সরকারের মুখ্য সচিবের কার্যালয় থেকে জানানো হয়েছে এবছরের পবিত্র চারধাম যাত্রা ইতিমধ্যেই শুরু হয়েছে। এই যাত্রায় অংশগ্রহণকারী তীর্থ যাত্রীদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে যাতে নজরদারি করা যায় সেজন্য উত্তরাখন্ড সরকার এই অ্যাপটি চালু করেছে এবং তীর্থ যাত্রীদের এই অ্যাপে যার যার তথ্যাদি নথিভুক্ত করতে বলা হয়েছে।
